

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ধবিম/হ:শা:/৪-১৬৩/২০১২- ২০৪৩

তারিখ:

০৬ আষাঢ়, ১৪২৯

২০ জুন, ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি সেন্ট্রাল ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৭১৪), ৮৫/১, নয়াপল্টন (৪র্থ তলা), মসজিদ গলি, ঢাকা এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু ১৮.০৬.২০২২ তারিখে আপনি আপনার এজেন্সির ০১ (এক) জন হজযাত্রী ফ্লাইটের ০৮ ঘণ্টা পূর্বে হজক্যাম্পে উপস্থিত না করে ১ ঘণ্টা ৩০ মিনিট পূর্বে উপস্থিত করেছেন এবং যার ফলে নির্ধারিত সময়ে বিমান উড্ডয়ন করতে পারেনি। এতে অন্যান্য হজযাত্রীগণ ভোগান্তির স্বীকার হয়েছেন; এবং

০৪। যেহেতু আপনার এরূপ কার্যক্রমের কারণে সৃষ্ট হজ ব্যবস্থাপনা ব্যাহত হয়েছে এবং সরকারের হজ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট নির্দেশনা উপেক্ষিত হয়েছে; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৫। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৬। যেহেতু আপনার কর্তৃক পরিচালিত সেন্ট্রাল ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৭১৪) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২০.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

জনাব মতিউর রহমান

স্বত্বাধিকারী

সেন্ট্রাল ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৭১৪)

৮৫/১, নয়াপল্টন (৪র্থ তলা), মসজিদ গলি, ঢাকা

নম্বর: ধবিম/হ:শা:/৪-১৬৩/২০১২- ২০৪৩

তারিখ: ২০.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।


২০.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব